দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 AUG 1997 ... ...
পৃষ্ঠা ... কলাম ...

26

# একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশে বিজ্ঞান ও কারিগরি শিক্ষার ব্যাপক বিস্তার সাধন করতে হবে —ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এ কে আজাদ চৌধুরী বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশে বিজ্ঞান ও কারিগরি শিক্ষার ব্যাপক বিস্তার সাধন করতে হবে। আর এই উদ্দেশ্য সাধনে দেশের জনগণকে বিজ্ঞান ও কারিগরি শিক্ষার প্রতি আগ্রহী করে তুলতে হবে। বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উপযুক্ত সম্প্রসারণে সরকারকে গঠনমূলক ও অগ্রগামী ভূমিকা পালন করতে হবে এবং এজন্য বিরাট অংকের অর্থ ব্যয় করতে হবে। তিনি জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে বক্তৃতাকালে একথা বলেন।

দ্রুত উন্নতির দিকে ধাবমান মালয়েশিয়া এবং দক্ষিণ কোরিয়ার কথা উল্লেখ করে তিনি বলেন, সে দেশগুলোর সরকার তাদের কিছু জনশক্তিকে পশ্চিমাদেশসমূহ থেকে বিজ্ঞান ও কারিগরি শিক্ষার প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি তৈরী করে এনেছে। আর এই দক্ষ জনশক্তি শিল্প উন্নয়নের মাধ্যমে তাদের দেশের অর্থনৈতিক উন্নতিতে সর্বাত্মক ভূমিকা পালন করছে। ভিসি বলেন, একটি দেশকে শিল্পোন্নত করতে হলে শিল্প খাতে বিনিয়োগের পাশাপাশি দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে; আর তা না হলে দেশের উন্নতি সম্ভব নয়। একমাত্র বিজ্ঞান ও কারিগরি শিক্ষার মাধ্যমেই দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব। সম্মেলনে "বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উন্নয়ন"- শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ মুহাম্মদ ইব্রাহীম। সম্মেলন শেষে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি বর্ণাঢ্য র‍্যালী বের করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।